

যঙ্গেফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩৭৫

১/ বিবিধ

আরবী

اذهب فاقلع نخله

ضعيف

جَهْ أَبُو دَاوُد (3636) مِنْ طَرِيقِ أَبِي جَعْفَرِ مُحَمَّدِ بْنِ عَلَى عَنْ سَمْرَةَ بْنِ جَنْدَبٍ: "أَنَّهُ كَانَتْ لَهُ عَضْدٌ مِنْ نَخْلٍ فِي حَائِطٍ رَجُلٌ مِنَ الْأَنْصَارِ، قَالَ: وَمَعَ الرَّجُلِ أَهْلُهُ قَالَ: فَكَانَ سَمْرَةُ يَدْخُلُ إِلَى نَخْلٍ، فَيَتَأْذِي بِهِ، وَيَشْقَى عَلَيْهِ، فَتَطْلُبُ إِلَيْهِ أَنْ يَبِيعَهُ، فَأَبَى، فَتَطْلُبُ إِلَيْهِ أَنْ يَنْاقِلَهُ فَأَبَى، فَأَتَى النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَذَكَرَ لَهُ فَطَلَبَ إِلَيْهِ أَنْ يَبِيعَهُ، فَأَبَى، فَتَطْلُبُ إِلَيْهِ أَنْ يَنْاقِلَهُ فَأَبَى، قَالَ: فَهَبْهُ لَهُ وَلَكَ كَذَا وَكَذَا، أَمْرَا رَغْبَهُ فِيهِ، فَأَبَى، فَقَالَ: أَنْتَ مَضَارٌ . فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِلْأَنْصَارِيِّ: "فَذَكْرُهُ قَلْتُ: وَهَذَا إِسْنَادٌ ضَعِيفٌ، رَجُالٌ ثَقَاتٌ رَجُالٌ مُسْلِمٌ غَيْرُ أَنَّ أَبَا جَعْفَرَ هَذَا وَهُوَ الْبَاقِرُ لَمْ يَسْمَعْ مِنْ سَمْرَةَ، فَقَدْ مَاتَ هَذَا سَنَةً ثَمَانِ وَخَمْسِينَ. وَوُلِدَ أَبُو جَعْفَرَ سَنَةً سِتَّ وَخَمْسِينَ، وَقِيلَ: سَنَةُ سِتِّينَ. وَكُلُّ مَنْ قَوْلَيْنِ وَجْهَهُمَا الْحَافِظُ فِي التَّهْذِيبِ . وَأَيِّهِمَا كَانَ الْأَرْجُحُ فَهُوَ لَمْ يَسْمَعْ مِنْ سَمْرَةَ قُطْعَا، وَقَدْ صَرَحَ بِذَلِكَ بَعْضُهُمْ

বাংলা

১৩৭৫। তুমি যাও তার খেজুর গাছ কেটে ফেলো।

হাদীসটি দুর্বল।

হাদীসটি আবু দাউদ (৩৬৩৬) আবু জাফার মুহাম্মাদ ইবনু আলী হতে, তিনি সামুরাহ ইরনু জুনদুব (রাঃ) হতে বর্ণনা করেছেন।

হাত দিয়ে ফল ধরা যায় এরূপ একটি খেজুর গাছ এক আনসারী ব্যক্তির দেয়ালে ছিল। তিনি বলেনঃ তার (আনসারীর) পরিবারও তার সাথে থাকত। বর্ণনাকারী বলেনঃ সামুরাহ তার খেজুর গাছের নিকট প্রবেশ করে সে ব্যক্তিকে কষ্ট দিত এবং তার সমস্যা সৃষ্টি করতো। এ কারণে সে তার নিকট প্রস্তাব দিলো সেটিকে তার নিকট বিক্রি করে দেয়ার কিন্তু সে (সামুরাহ) অস্বীকৃতি জানালো। তখন সে তার গাছ স্থানান্তরিত করে নিয়ে যাওয়ার জন্য বলল। সে এ প্রস্তাব গ্রহণও অস্বীকৃতি জানালো। এ কারণে আনসারী ব্যক্তি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট বিষয়টি উপস্থাপন করলে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে (সামুরাহে) তা বিক্রি করে দেয়ার জন্য বললেন। কিন্তু সে অস্বীকৃতি জানালো। তখন রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বৃক্ষ স্থানান্তরিত করে নিয়ে যেতে বললেন। এতেও সে অস্বীকৃতি জানালো। তখন রসূলসাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বৃক্ষটি আনসারীকে হেবাহ করে দিতে বলে এর এরূপ এরূপ ফাখীলাত বর্ণনা করে এ ব্যাপারে তাকে উৎসাহিত করলেন। কিন্তু এতেও সে (সামুরাহ) অস্বীকৃতি জানালো। তখন রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তুমি কষ্টদানকারী। এরপর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আনসারী ব্যক্তিকে বললেনঃ তুম যাও তার খেজুর গাছটি কেটে ফেলো।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। একমাত্র আবু জাফার ব্যতীত সকল বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য, সকলেই ইমাম মুসলিমের বর্ণনাকারী। আবু জাফার বাকের তিনি সামুরাহ (রাঃ) হতে শ্রবণ করেননি। সামুরাহ ৫৮ হিজরীতে মারা যান আর আবু জাফরের জন্ম হয় ৫৬ হিজরীতে। কেউ কেউ বলেছেনঃ ৬০ হিজরীতে। তার জন্ম যে সালেই হোক কোনভাবেই তিনি সামুরাহ (রাঃ) হতে শ্রবণ করেননি।

হাদিসের মান: যন্ত্র (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72254>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন